দৈনিক ইত্তেফাক

7

তারিখ 06 MAR 1987
পৃষ্ঠা 1 কলাম 3

ডকুমেন্টেশন কেন্দ্র

## সুষ্ঠুভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের আহ্বান

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান আগামী কাল ৭ই মার্চ হইতে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠান ও পরিচালনার জন্যে সংশ্লিষ্ট শিক্ষক-ছাত্র ও অভিভাবকদের প্রতি আহ্বান জানাইয়াছেন। গতকাল (বৃহস্পতিবার) তিনি মগবাজার উচ্চ

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## শিক্ষা ব্যবস্থাকে সার্বিকভাবে জাতীয়করণের পরিকল্পনা রহিয়াছে

(ইত্তেফাক রিপোর্ট)

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গতকাল (বৃহস্পতিবার) জাতীয় সংসদে জানান: শিক্ষা ব্যবস্থাকে সার্বিকভাবে জাতীয়করণ করার পরিকল্পনা সরকারের রহিয়াছে।

আওয়ামী লীগ দলীয় সদস্য কামরুজ্জমানের এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ কথা

(২য় পৃঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

বালিকা বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভাষণ দিতেছিলেন। পরীক্ষা কেন্দ্রে শান্তি-শৃঙ্খলা বজায় রাখা এবং পরীক্ষার্থীদেরকে পরীক্ষায় অসৎ উপায় অবলম্বন হইতে বিরত রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্তৃপক্ষকে বাধ্যতামূলকভাবে জাতীয় পতাকাকে অভিবাদন ও জাতীয় সঙ্গীত পরিবেশনের জন্যেও সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

তিনি বলেন, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সাধারণভাবে সামঞ্জস্যপূর্ণ এক একাডেমিক ক্যালেণ্ডার অনুসরণ করা হইবে। যথাসাধ্য একই সময় পরীক্ষা অনুষ্ঠান, ফল প্রকাশ এবং নিয়মিত লেখাপড়া করানোর প্রচেষ্টা নেওয়া হইবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুলের প্রধান শিক্ষয়িত্রী এবং স্কুল পরিচালনা বোর্ডের সভাপতি। খবর তথ্য বিবরণীর।

## শিক্ষা ব্যবস্থাকে

(শেষ পৃঃ পর)

জানান। মন্ত্রী বলেন, এ পরিকল্পনা বাস্তবায়নে সময় লাগিবে। প্রয়োজনীয় সম্পদের অভাব রহিয়াছে এ কথা সকলের জানা। আওয়ামী লীগের অধ্যক্ষ আবুল কালাম মজুমদারের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, দেশে বর্তমানে ১৫৬টি সরকারী কলেজ ও ২২০টি সরকারী স্কুল রহিয়াছে। এই সকল স্কুল ও কলেজে ৩ লক্ষ ৪৪ হাজার ছাত্র-ছাত্রী অধ্যয়ন করিতেছে। সরকারী কলেজগুলিতে ২ হাজার ২৯৪টি প্রভাষকের পদ খালি রহিয়াছে এ কথাও জানান। মন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে বিরাজমান বৈষম্য দূরীকরণে ইতিমধ্যেই পদক্ষেপ নেওয়া হইয়াছে।

সবিতা মাহমুদের এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, তেজগাঁও কলেজকে সরকারীকরণের চিন্তাভাবনা সরকারের রহিয়াছে।

### ইসলামী বিশ্ববিদ্যালয়

রাশেদ মোশাররফের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিত্তি-প্রস্তর স্থাপনের পর হইতে এযাবৎ ৯ কোটি ৪২ লক্ষ ২২ হাজার টাকা খরচ হইয়াছে।

সৈয়দ আলতাফ হোসেন ও শওকত মোমেন শাহজাহানের সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান কুষ্টিয়ার দুলালপুর শান্তিডাঙ্গায় একটি কৃষি কলেজ স্থাপিত হইবে। ইতিপূর্বে সেখানে একটি ইসলামী বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা নেওয়া হইয়াছিল। টঙ্গীর বোর্ড বাড়ীতে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ৬২ কোটি ৭১ লক্ষ টাকা সংগৃহীত হইয়াছে।